

2023-10

14th Henry Dunant Memorial Moot Court Competition

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1102>

Downloaded from IUB Academic Repository

ক্যাম্পাস

হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতায় রানার-আপ ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

প্রথম আলো ডেস্ক

আপডেট: ১১ অক্টোবর ২০২৩, ০৭: ২৮



ছবি: সংবাদ বিজ্ঞপ্তি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ১৪তম হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় পর্যায়ে রানার-আপ হয়েছে। এ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়।

আন্তর্জাতিক রেড-ক্রস কমিটি ও ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (আইইউবি) যৌথ আয়োজনে ৫ থেকে ৭ অক্টোবর আইইউবি ক্যাম্পাসে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

প্রতিযোগিতায় দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৩০টি দল অংশ নেয়। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় থেকে আর কে এম রবিন আহমেদ, তানজিলা ইসলাম ও সায়মা হক প্রতিযোগিতায় অংশ নেন। তাঁদের সঙ্গে কোচ হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের জ্যেষ্ঠ প্রভাষক নাদিয়া রহমান।

প্রতিযোগিতার ফাইনাল পর্বে বিচারক হিসেবে ছিলেন হাইকোর্টের বিচারপতি নাইমা হায়দার, বিচারপতি খিজির আহমেদ চৌধুরী ও ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মুহাম্মদ সাজ্জাদ সিদ্দিক।